**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 01-03-2026** **Desk in Charge : K.L.**
**Time : 1-40 P.M.** **Compiling : Subhra C.**
**DEO: KB** **NRT : Subhra C.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) সুপ্রিম কোর্টের নির্দেশ ও নির্বাচন কমিশনের গাইডলাইন মেনে রাজ্যে SIR পরবর্তী অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। #এই তালিকায় নাম রয়েছে ৬ কোটি ৪৪ লক্ষের বেশি ভোটদাতার। সব মিলিয়ে এখনও পর্যন্ত নাম বাদ পড়ল প্রায় ৬৪ লক্ষের।

২) তালিকাকে কেন্দ্র করে কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে সরকার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে।

৩/ আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আজ থেকে রাজ্যে শুরু হচ্ছে বিজেপির পরিবর্তন যাত্রা। এই উপলক্ষ্যে বিভিন্ন জেলায় নানা কর্মসুচি নেওয়া হয়েছে।

৪/ স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি শিক্ষা কর্মী পদের নিয়োগের পরীক্ষা চলছে।

৫/ পশ্চিম এশিয়ার সাম্প্রতিক উত্তপ্ত পরিস্থিতিতে ভারতীয় দূতাবাসগুলি, সেখানকার বিভিন্ন দেশে বসবাসকারী ভারতীয়দের দূতাবাসের পরামর্শ মেনে চলার আবেদন জানিয়েছে।

৬/ কলকাতার ইডেন গার্ডেন্সে আজ টি টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপের সুপার এইট পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে ভারত, ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হচ্ছে।

*******************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশ ও নির্বাচন কমিশনের গাইডলাইন মেনে রাজ্যে বিশেষ নিবিড় সংশোধনী-SIR পরবর্তী অসম্পুর্ণ চূড়ান্ত ভোটার তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। অসম্পূর্ণ এই চূড়ান্ত তালিকা অনুযায়ী মোট ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ৬ কোটি ৪৪ লক্ষ ৫২ হাজার ৬০৯। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, খসড়া প্রকাশের সময় মোট ভোটার ছিলেন ৭ কোটি ৮ লক্ষ ১৬ হাজার ৬৩০। বিশেষ নিবিড় সংশোধনীর প্রক্রিয়ায় সংযোজন ও বিয়োজন মিলিয়ে চূড়ান্ত তালিকায় আরও ৫ লক্ষ ৪৬ হাজার ৫৩ জনের নাম বাদ গিয়েছে। খসড়া তালিকাতে ৫৮ লক্ষ ২০ হাজারের বেশি ভোটারের নাম আগেই বাদ পড়েছিল। ফলে সব মিলিয়ে এখনও পর্যন্ত ৬৩ লক্ষ ৬৬ হাজার ৯৫২ জনের নাম রাজ্যের ভোটার তালিকা থেকে বাদ গেল। মোট ৬০ লক্ষ ৬ হাজার ৬৭৫ জন ভোটারের নাম বিচারাধীন বা 'অ্যাডজুডিকেশন'-এর আওতায় রয়েছে। SIR প্রক্রিয়ায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের মাধ্যমে ওই সব ভোটারদের ভবিষ্যত নির্ধারিত হবে।

মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন, শুনানির পর ইআরও, এইআরও-রা সব নথি খতিয়ে দেখার পর সংশ্লিষ্ট ভোটারদের নাম বাদ দিয়েছেন।

চূড়ান্ত তালিকা সংশ্লিষ্ট সব ভোটকেন্দ্রে টাঙানো হবে এবং নির্বাচন নিবন্ধন আধিকারিক ও সহকারী আধিকারিকদের দফতরে জনসাধারণের জন্য রাখা হবে। স্বীকৃত রাজনৈতিক দলগুলিকেও কপি দেওয়া হবে বলে জানানো হয়েছে। এছাড়াও নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের ওয়েবসাইট এবং ইসিআই নেট অ্যাপ থেকেও এপিক নম্বর দিয়ে ভোটাররা তালিকায় নিজেদের নাম দেখতে পারবেন। নির্বাচন কমিশনের তরফে ১৮ বছর পূর্ণ করা নাগরিকদের নাম অন্তর্ভুক্তির আবেদন করার পরামর্শ দেওয়া হয়েছে। প্রয়োজনে সংযোজন, সংশোধন বা বিয়োজনের জন্য নির্ধারিত ফর্মে আবেদন করা যাবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।

************************

পশ্চিমবঙ্গে ত্রুটিমুক্ত ভোটার তালিকা নির্বাচন কমিশন তৈরি করতে পারবে বলে বিজেপি আশা প্রকাশ করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য গতকাল

সাংবাদিকদের কাছে রাজ্যের পরিস্থিতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের আসা উচিত বলে মন্তব্য করেছেন।

( বাইট-শমীক )

SIR-এর পর ভোটার তালিকা যাতে যুক্তি, সত্য ও ন্যায়ের উপর ভিত্তি করে তৈরি হয় তার দাবি জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

(বাইট- অধীর )

ভোটার তালিকা ত্রুটিমুক্ত হয়েছে কিনা তা নিয়ে সংশয়ের যথেষ্ট অবকাশ রয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। সময় নিয়ে SIR করা হলে তা ত্রুটিমুক্ত ভাবে হতো বলেও তিনি অভিমত প্রকাশ করেছেন।

***********************

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIRএর আওতায় অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে সরকার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করছে। মালদা, নদিয়ার কৃষ্ণনগর পুলিশ জেলা, মুর্শিদাবাদ পুলিশ জেলা এবং কোচবিহারে চারজন বরিষ্ঠ আই পি এস আধিকারিককে নিযুক্ত করা হয়েছে। জেলাগুলির রাজনৈতিক উত্তেজনাপ্রবণ এলাকায় বাড়ানো হয়েছে নজরদারি। স্বরাষ্ট্র সচিব ও পুলিশের মহানির্দেশক সহ উচ্চ পদস্থ আধিকারিকরা রাজ্য সচিবালয়-নবান্ন থেকে আইন শৃঙ্খলা পরিস্থিতির ওপর নজর রাখছেন।

উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, মুর্শিদাবাদ, নদীয়া, এবং উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় বিশেষ সতর্কতা নেওয়া হয়েছে। মজুত রাখা হয়েছে অতিরিক্ত বাহিনী।

***********************

উত্তর ২৪ পরগণার জগদ্দলের তৃণমূল কংগ্রেস নেতা অশোক সাউ খুনের ঘটনায় এনআইএ তদন্তের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ২০২৪ সালে উপনির্বাচনের দিন খুন হন অশোক সাউ। ঘটনার তদন্ত শুরু করে জগদ্দল থানার পুলিশ। তার

পরিবারের লোকেরা তদন্তে গাফিলতির অভিযোগ তুলে আদালতের দ্বারস্থ হন। বিচারপতি শুভ্রা ঘোষ গতকাল পুলিশি তদন্তে অসন্তুষ্ট হয়ে এনআইএ-কে তদন্তের দায়িত্ব দিয়েছেন।

**********************

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আজ থেকে রাজ্যে শুরু হচ্ছে বিজেপির পরিবর্তন যাত্রা। এই উপলক্ষ্যে বিভিন্ন জেলায় নানা কর্মসুচি নেওয়া হয়েছে। **পশ্চিম বর্ধমানের** কুলটির চিনাকুড়ি মাঠে জনসভার আয়োজন করা হয়েছে। সেখানে উপস্থিত থাকবেন বিজেপি নেত্রী স্মৃতি ইরানি এবং কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী।

**পশ্চিম মেদিনীপুরে** জেলার গড়বেতা হাইস্কুল মাঠ থেকে এই যাত্রা শুরু হবে। চলবে আগামী 10 দিন। দলের সুসজ্জিত প্রচার রথ, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং পূর্ব মেদিনীপুর জেলায় বিভিন্ন পথ পরিক্রমা করবে। গড়বেতাতে এর সূচনা করবেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। উপস্থিত থাকবেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ রাজ্য বিজেপির অন্যান্য নেতৃত্ব।

**কোচবিহারের** রাসমেলা ময়দান থেকে শুরু হচ্ছে বিজেপির পরিবর্তন যাত্রা। এই যাত্রার পাশাপাশি সভা করবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন। আজ দুপুর আড়াইটা নাগাদ বাগডোগরা থেকে হেলিকপ্টারে কোচবিহার বিমানবন্দরে আসবেন তিনি। এই কর্মসূচিতে উপস্থিত থাকবেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য এবং প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ্ আজ রাজ্যে আসছেন। সোমবার তিনি দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তন যাত্রার সভায় বক্তব্য রাখবেন।

**********************

স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষা আজ। রাজ্য জুড়ে ১ হাজার ৬৯৩ টি কেন্দ্রে লিখিত পরীক্ষা বেলা ১২'টায় শুরু হয়েছে। ৬০ নম্বরের এই

পরীক্ষা চলবে ১'টা ৫০ পর্যন্ত। ২ হাজার ৯৮৯ টি শূন্যপদের জন্য ৮ লক্ষ ৪ হাজার জন পরীক্ষায় বসার আবেদন জানান।

উল্লেখ্য, ২০১৬ -র এসএসসির প্যানেল বাতিলের পর নতুন করে নিয়োগের নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। ইতিমধ্যে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া প্রায় চূড়ান্ত পর্যায়ে।

**********************

প্রাক বর্ষা সময়ে আজ থেকেই তাপমাত্রা অনেকখানি বেড়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই দশমিক সাত ডিগ্রী বেশি। আগামী দু'দিনে দক্ষিণবঙ্গে সর্বোচ্চ তাপমাত্রা দুই ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। উত্তরবঙ্গে অবশ্য আগামী তিন দিন তাপমাত্রার বিশেষ হেরফের হওয়ার সম্ভাবনা নেই। দক্ষিণবঙ্গের প্রায় সর্বত্র আগামী কয়েক দিন শুষ্ক আবহাওয়ার পূর্বাভাস থাকলেও উত্তরবঙ্গের দার্জিলিং জেলায় আজ বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি বা তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

**********************

পশ্চিম এশিয়ার সাম্প্রতিক উত্তপ্ত পরিস্থিতিতে ভারতীয় দূতাবাসগুলি, সেখানকার বিভিন্ন দেশে বসবাসকারী ভারতীয়দের দূতাবাসের পরামর্শ মেনে চলার আবেদন জানিয়েছে।

ইজরায়েলের ভারতীয় দূতাবাস, সেদেশে বসবাসকারী এবং অস্থায়ীভাবে বসবাসকারী ভারতীয়দের আগের নির্দেশিকা মেনে চলতে এবং indembassyesrael.gov.in (ইন্ড-এমব্যাসি-ইজরায়েল-ডট-গভ-ডট-ইন) অথবা Indian_national_reg –তে নাম নথিভুক্ত করে দূতাবাসের সঙ্গে যোগাযোগ রাখতে বলেছে। খোলা হয়েছে ২৪ ঘন্টার হেল্পলাইন, যার নম্বরঃ- ৯৭২৫৪-৭৫২০-৭১১ এবং ৯৭২৫৪-২৪২৮-৩৭৮ । ইমেল করা যেতে পারে, cons1.telaviv@mea.gov.in –এ।

তেহেরানে ভারতীয় দূতাবাস, ইরাণে বসবাসকারী সমস্ত ভারতীয়দের বর্তমান পরিস্থিতির নিরিখে, অত্যন্ত সাবধানে থাকার কথা বলেছে।

আবুধাবি-র ভারতীয় দূতাবাস, সংযুক্ত আরব আমিরশাহীতে বসবাসকারী ভারতীয়দের যেকোনোরকম বিপদে টোল ফ্রি নম্বরঃ- ৮০০-৪৬৩৪২ এ অথবা ৯৭১৫-৪৩০-৯০৫৭১–এই হোয়াটসঅ্যাপ নম্বরে যোগাযোগ করতে বলেছে। ইমেলের মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে pbsk.dubai@mea.gov.in অথবা ca.abudhabi@mea.gov.in –এ।

রিয়াধ-এর ভারতীয় দূতাবাস'ও, সৌদি আরবে থাকা ভারতীয়দের, স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশিকা মেনে চলতে এবং সতর্ক থাকতে বলেছে। সেখানের টোল ফ্রি নম্বরঃ- ৮০০-২৪৭-১২৩৪ ।

কাতারের দোহা-য়, সিরিয়ার দামাস্কাসে, ইরাকের বাগদাদ-এর ভারতীয় দূতাবাসও, সেদেশে বসবাসকারী ভারতীয়দের পশ্চিম এশিয়ার উত্তপ্ত পরিস্থিতিতে চূড়ান্ত সতর্কতা অবলম্বন করতে বলেছে।

কুয়েত, বাহারিন এবং জর্ডন-এর ভারতীয় দূতাবাস, সেখানে বসবাসকারী ভারতীয় এবং পর্যটকদের স্থানীয় প্রশাসনের নির্দেশ মেনে চলার পরামর্শ দিয়েছে।

এদিকে, রামাল্লায় ভারতের প্রতিনিধি দপ্তর, সেদেশের ভারতীয়দের, অপ্রয়োজনীয় চলাচল সম্পূর্ণ এড়িয়ে চলতে আবেদন জানিয়েছে।

**********************

ইডেনে ভারত আজ টি -২০ ক্রিকেট বিশ্বকাপের সুপার এইট পর্বের গুরুত্বপুর্ণ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

আজকের ম্যাচ যে দল জিতবে সেই দল গ্রুপ ওয়ান থেকে দ্বিতীয় দল হিসেবে সেমিফাইনালে পৌঁছবে। ম্যাচের পরাজিত দল বিশ্বকাপ থেকে বিদায় নেবে।

*****************************************************************